Department OF Bengali, Gour Mahavidyalaya

P-I(1+1+1)H/15 (N+O)

2015

# BENGALI (Honours)

## First Paper

Full Marks : 100 Time : Four Hours

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

[ New Syllabus ]

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) মনসামঙ্গল কাব্যের অঞ্চলভেদে সাধারণত কটি ধারা? ধারাগুলির নাম লেখো। প্রত্যেক ধারার দু'জন করে কবির নাম লেখো। এই প্রসঙ্গে উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্যধারার দু'জন অন্যতম কবির কাব্যকৃতির আলোচনা করো। ১+১+৩+১০=১৫

অথবা,

বাংলায় লেখা চৈতন্যজীবনী গ্রন্থগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে শ্রেষ্ঠ চৈতন্যজীবনী গ্রন্থটির সম্পর্কে বিশদ আলোচনা করো। ৫+১০=১৫

(খ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো একটি) : ৫×১=৫

শ্রীকৃষ্ণকীর্তন, অন্নদামঙ্গল, ময়মনসিংহগীতিকা, অভয়ামঙ্গলকাব্য।

P.T.O.

(গ) সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

(অ) শিবায়নের শ্রেষ্ঠ কবি কে?

(আ) চর্যাপদের মোট পদসংখ্যা ও প্রাপ্ত পদসংখ্যা কত?

(ই) বলরাম দাস কোন পর্যায়ের/রসের পদ রচনায় শ্রেষ্ঠত্ব অর্জন করেছিলেন?

(ঈ) অভিনব জয়দেব কে? তাঁর জন্মস্থান উল্লেখ করো।

(উ) কৃত্তিবাস ওঝার অনূদিত রামায়ণের প্রকৃত নাম কী?

(ঊ) শূন্যপুরাণ কার লেখা?

(ঋ) কৃত্তিবাস কার নির্দেশে কোন গ্রন্থ রচনা করেন?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায়-এর অবদান সংক্ষেপে আলোচনা করো। প্রসঙ্গত রামমোহন রায়কে বাংলা গদ্যসাহিত্যের জনক বলা কতটা যুক্তিসঙ্গত? ১৫

অথবা,

বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের অবদান আলোচনা করো। ১৫

(খ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো একটি) : ৫×১=৫

গদ্যশিল্পী রামরাম বসু, অমৃতলাল বসু, পদাতিক, [illegible]।

(গ) সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ১×৫=৫

(অ) ফোর্ট উইলিয়াম কলেজ কত সালে প্রতিষ্ঠিত হয়?





(আ) 'পলাশীর যুদ্ধ' কে রচনা করেন?

(ই) রমেশচন্দ্র দত্তের একটি উপন্যাসের নাম লেখো।

(ঈ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা প্রথম বাংলা উপন্যাস কোনটি?

(উ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রকৃত ঐতিহাসিক উপন্যাস কোনটি?

(ঊ) গিরিশচন্দ্র ঘোষের লেখা একটি নাটকের নাম লেখো।

(ঋ) 'মেঘনাদবধকাব্য' কার লেখা? এটি কোন শ্রেণির কাব্য?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) এলিয়টের কবিতা সমসাময়িকদের কাছে দুরূহ বলে প্রতিপন্ন হয়েছিল। অভিমতটির সাপেক্ষে এলিয়টের কবিমানসের পরিচয় দাও। ১৫

অথবা,

চার্লস ডিকেন্সের রচনাসমূহের পরিচয় দাও এবং তাঁর রচনাবৈশিষ্ট্যের উল্লেখ করো। ১০+৫=১৫

(খ) সংক্ষিপ্ত টীকা (যে কোনো একটি) ৫×১=৫

কুবলাখান, প্রমেথিয়াস আনবাউন্ড, এন্ডিমিয়ন, কিং লিয়ার।

P.T.O.

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

(ক) ধ্বনি পরিবর্তনের কারণগুলি আলোচনা করে বাংলা ধ্বনি পরিবর্তনের প্রধান প্রধান সূত্রগুলি সংক্ষেপে লেখো। ১০

অথবা,

শব্দের অর্থ পরিবর্তনের কারণ কি? শব্দের অর্থ পরিবর্তনের প্রধান প্রধান ধারাগুলি দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

(খ) সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো দুটি) : ৪×২=৮

মিশ্রভাষা, ক্ষতিপূরণ, দীর্ঘীভবন, সুভাষণ, কৃত্রিমভাষা, ভাষা সম্প্রদায়।

(গ) নিম্নলিখিত শব্দগুলির ব্যুৎপত্তি নির্ণয় করো (যে কোনো সাতটি) : ১×৭=৭

আমরা, চাকর, বেহালা, জমিদার, সাঁকো, হাসপাতাল, উজবুক, সাঁড়াশি, নেওটা, আদিখ্যেতা।





[ পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ : এই অংশটি কেটে মূল উত্তরপত্রের সঙ্গে জুড়ে দিতে হবে। ]

৫। নিম্নে প্রদত্ত কাব্যাংশটির শুদ্ধ সংশোধন করো। (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানান বিধি অনুসারে)। ৫

পঞ্চনীর তিরে
বেনী পাকায়া শিরে
দেখিতে দেখিতে গুরুর মন্ত্রে
জাগি উঠেছে শিখ
নির্মম নির্ভীক

হাজার কণ্ঠে গুরুজির জয় ধ্বনিয়া তুলেছে দিক
নতুন জাগিয়া শিখ,
নতুন উষার সূর্যের পানে। চাহিল নির্নিমিক।

(শুদ্ধলিপি নিচে দেওয়া হল)

পঞ্চনদীর তীরে
বেণী পাকাইয়া শিরে
দেখিতে দেখিতে গুরুর মন্ত্রে জাগিয়া উঠেছে শিখ—
নির্মম নির্ভীক।
হাজার কণ্ঠে 'গুরুজির জয়' ধ্বনিয়া তুলেছে দিক।
নূতন জাগিয়া শিখ
নূতন উষার সূর্যের পানে চাহিল নির্নিমিখ।।

2015

BENGALI (Honours)

Second Paper

Full Marks : 100 Time : Four Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

[ New Syllabus ]

১। আখ্যানকাব্য বলতে কী বোঝ? বাংলা আখ্যানকাব্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে যে কোনো দুটি আখ্যানকাব্যের নাম লেখো। আখ্যানকাব্যের সঙ্গে গীতিকাব্যের সম্পর্ক ও পার্থক্য নিরূপণ করো। ১০

অথবা,

সাহিত্যিক মহাকাব্য কাকে বলে? বৈশিষ্ট্যসহ একটি সাহিত্যিক মহাকাব্যের পরিচয় দাও। ৩+৭=১০

২। গীতিকবিতা বলতে কী বোঝায়? বাংলা মহিলা গীতিকবিদের বিষয়ে আলোকপাত করো। ১০

অথবা,

গাথাকাব্য কাকে বলে? বাংলাভাষার প্রাচীন গাথা কাব্যগুলির পরিচয় দাও। ২+৮=১০

P.T.O.

৩। বৈষ্ণব রসশাস্ত্রে প্রেমবৈচিত্ত্য ও আক্ষেপানুরাগ বলতে কী বোঝ? তোমার পাঠ্য পদাবলী থেকে প্রেমবৈচিত্ত্য ও আক্ষেপানুরাগ পর্যায়ের পদগুলি আলোচনা করে তার কাব্যমূল্য বিচার করো। ১৫

অথবা,

বৈষ্ণব পদকর্তারা আগে ভক্ত পরে কবি। — আলোচনা করো। ১৫

৪। বাংলা শাক্তপদাবলীতে কোনো প্রথাবদ্ধ ধর্মমত প্রকাশ পায়নি—মানবমনের চিরন্তন অকপট আকুতিই প্রকাশলাভ করেছে। তোমার পাঠ্য শাক্তপদগুলি অবলম্বনে অভিমতটি বিচার করো। ১৫

অথবা,

তৎকালীন সমাজ জীবনের যে চিত্র ভক্তের আকুতি পর্যায়ে চিত্রিত হয়েছে তা পাঠ্য পদগুলি অবলম্বনে আলোচনা করো। ১৫

৫। গোপীচন্দ্রের গান নাথধর্মের নীতিকথা হলেও এর মানবিক আবেদন মধ্যযুগের আর অন্য কোনো কাব্যধারার তুলনায় কোনো অংশে কম নয়। — আলোচনা করো। ১৫

অথবা,

'গোপীচন্দ্রের গান'-এ ময়নামতীর চরিত্র, আদর্শ ও অতিরঞ্জনে আচ্ছন্ন হলেও মানবীয় গুণে সমৃদ্ধ। — আলোচনা করো। ১৫

৬। মুক্তক ছন্দ কাকে বলে? মুক্তক ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো। ৯

অথবা,





বাংলায় কয়প্রকার ছন্দোরীতি প্রচলিত আছে? এই ছন্দোরীতিগুলির নাম লেখো। বাংলার অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দোরীতির বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে দাও। ৯

৭। যে কোনো দুটি ছন্দোলিপি নির্ণয় করো : ৪×২=৮

(ক) দেখ নাকি হায় বেলা চলে যায়
সারা হয়ে এল দিন।
বাজে পুরবীর ছন্দে রবির
শেষ রাগিণীর বীণ।

(খ) যার ভয়ে তুমি ভীত সে অন্যায় ভীরু তোমা চেয়ে,
যখনি জাগিবে তুমি তখনি সে পলাইবে ধেয়ে।

(গ) এস দানবীর দাও ত্যাগ কঠিন দীক্ষা,
মহাভিক্ষু লহ সবার অহঙ্কার ভিক্ষা।

(ঘ) হরিশ্চন্দ্রের ব্যাটা হই আয়নের নাতি।
হাটে লয়্যা কোইন বীরের ঘোড়া হাতী।।
তবে সুশাসিত হবে গুরুকাটি ধারা।
পুরুষের হাটে মাসে বেচিবে দুয়ারা।।

৮। দৃষ্টান্তসহ সংজ্ঞা নির্দেশ করো (যে কোনো দুটি) : ৩×২=৬

মাত্রা, মুক্তদল, পর্ব, অক্ষর।

P.T.O.

৯। উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে কোনো তিনটি) : ৩×৩=৯

যমক, ব্যতিরেক, সমাসোক্তি, বক্রোক্তি।

১০। অলঙ্কার নির্ণয় করো (যে কোনো একটি) : ৩×১=৩

(ক) বিনা মেঘে বজ্রপাত স্বামী মরে অকস্মাৎ,

কি কব আমার দুঃখের কথা।

(খ) একখানি গ্রাম শোভে জলময় মাঠে,

যথা মুক্তিকার ফোঁটা গগন-ললাটে।

(গ) কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে প্রচেতঃ।

---

## [ Old Syllabus ]

১। গীতিকবিতার সংজ্ঞা নিরূপণ করো। বৈষ্ণব পদাবলীকে গীতিকবিতা বলা যায় কিনা আলোচনা করো। ১০

অথবা,

'গাথা কাব্য' কি? এর বৈশিষ্ট্যসহ একটি বাংলা গাথা কাব্যের পরিচয় দাও।

২। মহাকাব্য কাকে বলে? মধুসূদন দত্তের মেঘনাদবধ কোন্ শ্রেণীর মহাকাব্য? মহাকাব্যের ধারায় মধুসূদন, হেমচন্দ্র ও নবীনচন্দ্রের তুলনামূলক মূল্যায়ন করো। ১+১+৮=১০

অথবা,





আখ্যানকাব্য কাকে বলে? মধ্যযুগের আখ্যানকাব্যের রূপভেদগুলি সংক্ষেপে লেখো। ১০

৩। বৈষ্ণব পদাবলীর পর্যায়গুলির উল্লেখ করে তার মধ্যে মধুর রসের শ্রেষ্ঠত্বের কারণ আলোচনা করো। ১৬

অথবা,

অভিসার কাকে বলে? অভিসার পর্যায়ের উল্লেখযোগ্য কবিদের রচনা বিচার করে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কবিত্বের পরিচয় দাও।

৪। 'আগমনী ও বিজয়া' গানগুলিকে বাঙালী জীবনের পারিবারিক আলেখ্য বলা যায় কিনা আলোচনা করে দেখাও। ১৬

অথবা,

'ভক্তের আকুতি'-তে কবিরা সামাজিক জীবনপটে অধ্যাত্ম অনুভূতিকে কীভাবে প্রকাশ করেছেন তা আলোচনা করে বুঝিয়ে দাও।

৫। কবিকঙ্কণ চণ্ডীতে 'গ্রন্থোৎপত্তির কারণ' অংশে আত্মজীবনের পরিচয় দিতে গিয়ে মুকুন্দ চক্রবর্তী সমকালীন সমাজের যে ছবি এঁকেছেন তার পরিচয় দাও। ১৬

অথবা,

'ভাঁড়ুদত্ত' চরিত্রটি বিশ্লেষণ করে কবি মুকুন্দ চক্রবর্তীর চরিত্র নির্মাণ দক্ষতার পরিচয় দাও।

৬। অমিত্রাক্ষর ছন্দ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ৯

অথবা,

P.T.O.

Department OF Bengali, Gour Mahavidyalaya



ছন্দের শোষণশক্তি বলতে কী বোঝো? অক্ষরবৃত্ত ছন্দের শোষণশক্তি উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও।

৭। যে কোনো দুটির ছন্দোলিপি নির্ণয় করো : ৪×২=৮

(ক) রায় বেশে নাচ নাচের ঝোঁকে মাথায় মারলে গাট্টা
শ্বশুর কাঁদে মেয়ের শোকে বর হেসে কয় ঠাট্টা।

(খ) নক্ষত্র আলোক হতে সমুদ্রের তরঙ্গ অবধি
বহে চলে একখানি পরিপূর্ণ যৌবনের নদী।

(গ) গগনে গরজে মেঘ ঘন বরষা।
তীরে একা বসে আছি নহি ভরসা।

(ঘ) আমি ক্লান্ত প্রাণ এক চারিদিকে জীবনের সমুদ্র সফেন
আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।

৮। উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে কোনো তিনটি) : ৩×৩=৯

মধ্যযমক, ব্যাজস্তুতি, অতিশয়োক্তি, উপমা।

অথবা,

শব্দালঙ্কার কাকে বলে? অর্থালঙ্কারের সঙ্গে এর মূল পার্থক্যগুলি উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ৯

৯। অলঙ্কার নির্ণয় করো (যে কোনো দুটি) : ৩×২=৬

(ক) অতিবড় বৃদ্ধপতি সিদ্ধিতে নিপুণ।
কোনোগুণ নাই তার কপালে আগুন।।





(খ) এ পুরীর পথ-মাঝে আছে যত শিলা,
কঠিন শ্যামার মতো কেহ নাহি আর।

(গ) এমন মানব জমিন রইল পতিত
আবাদ করলে ফলত সোনা।

(ঘ) আমি টর্পেডো, আমি ভীম ভাসমান মাইন,
আমি ধূর্জটি, আমি এলোকেশে ঝড় অকাল বৈশাখীর।

---